

তারিখ: ২৪/০৪/২০১৯ খ্রি.

স্নাতক (পাস) পর্যায়ে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) শ্রেণিতে (নিয়মিত- ৩য়, ২য় ও ১ম বর্ষ) অধ্যয়নরত শিক্ষার্থীদেরকে প্রধান মন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে (PMEAT:DF-1) আবেদন করতে হবে। অত্রহী শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক আবেদন ফরম ও সংশ্লিষ্ট কাগজপত্র আগামী ৩০/০৪/২০১৯ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।

উল্লেখ্য যে, দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী নির্বাচন কমিটি কর্তৃক চূড়ান্ত নির্বাচিত শিক্ষার্থীকে আগামী ০৮/০৫/২০১৯ খ্রি. তারিখ স্ট্যাম্প সাইজের রঙিন ছবি-১কপি জমা দিতে হবে এবং তথ্যছক (PMEAT:DF-2) ফরমে অবশ্যই নিজ স্বাক্ষর (PMEAT:DF-1 অনুসারে) করতে হবে।

শর্তাবলী:

সংক্রান্ত

- ১। এইচএসসি পরীক্ষা পাশের সনদপত্রের ফটোকপি গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ২। আবেদনকারী অবশ্যই নিয়মিত শিক্ষার্থী হতে হবে। পুনঃভর্তি/অনিয়মিত/প্রাইভেট শিক্ষার্থী আবেদনের যোগ্য নহে।
- ৩। আবশ্যিক বিষয়ের (বাংলা/ইংরেজি) ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিত থাকতে হবে।
- ৪। যে সকল শিক্ষার্থী অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী, এতিম, নদীভাঙ্গন কবলিত পরিবারের সন্তান এবং দুস্থ পরিবারের সন্তান, তাদেরকে উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। নির্বাচিত শিক্ষার্থীর পিতা/অভিভাবকের বার্ষিক আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম হতে হবে এবং সংশ্লিষ্ট এলাকার পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- ৬। নির্বাচিত শিক্ষার্থীর পিতা/অভিভাবকের ০.৭৫ (পঁচাত্তর) শতাংশের কম জমি থাকতে হবে এবং সংশ্লিষ্ট এলাকার পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- ৭। আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ১কপি আবেদন ফরমের নির্ধারিত স্থানে গাম দিয়ে লাগাতে হবে।
- ৮। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

২৪/০৪/১৯